যুগান্তর

তারিখ 15 MAR 2018
পৃষ্ঠা ১৫ কলাম ৪

### ৩০ শিক্ষার্থীকে জুতাপেটা

# বন্দরে মাদ্রাসা সভাপতি শিক্ষকের অপসারণ দাবিতে বিক্ষোভ

**বন্দর (নারায়ণগঞ্জ) প্রতিনিধি**

বন্দরের মুছাপুর দারুসসুন্নাহ দাখিল মাদ্রাসার ১০ম শ্রেণীর ৩০ শিক্ষার্থীকে জুতাপেটা করেছেন মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি। এ ঘটনায় মাদ্রাসার শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বুধবার মাদ্রাসার সভাপতি শাহাদৎ হোসেন ও আরবি শিক্ষক আবদুস সালামের অপসারণ ও শাস্তি দাবিতে বিক্ষোভ করেছে। মঙ্গলবার বিকালে ম্যানেজিং কমিটির সভায় মাদ্রাসার ১০ম শ্রেণীর ৩০ শিক্ষার্থীকে জুতাপেটা করেন সভাপতি শাহাদৎ হোসেন। ঘটনার পর থেকে ম্যানেজিং কমিটির সভাপতি মাদ্রাসায় যাননি বলে সূত্র জানায়। শিক্ষার্থীরা জানায়, বৃহস্পতিবার ১০ম শ্রেণীর ছাত্র সাজ্জাদ পাঞ্জাবির সঙ্গে প্যান্ট পরে মাদ্রাসায় আসে। এতে আরবি শিক্ষক আবদুস সালাম শিক্ষার্থী সাজ্জাদকে মারধর করেন। এ ঘটনায় ছাত্ররা প্রতিবাদ জানায়। পরে ম্যানেজিং কমিটির সভা চলাকালে বিনা এজেন্ডায় সালাম মাস্টার বিষয়টি উত্থাপন করেন। এরপর ম্যানেজিং কমিটির সভাপতি ১০ম শ্রেণীর ৩০ ছাত্রকে কমিটির সদস্যদের উপস্থিতিতে প্রকাশ্যে মাঠে দাঁড় করিয়ে জুতাপেটা করেন। এ ঘটনায় বিক্ষুব্ধ ছাত্ররা বুধবার বিক্ষোভ করে। বিক্ষোভ শেষে ছাত্ররা বন্দর থানায় অভিযোগ করে। এ ব্যাপারে মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা মহিউদ্দিন জানান, ছাত্ররা উচ্ছৃঙ্খল আচরণ করে ও মাদ্রাসার মহিলা শিক্ষককে নিয়ে খারাপ মন্তব্য করে। এ কারণে সভাপতি তাদের জুতাপেটা করেছেন।

এ ব্যাপারে বন্দর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আ ক ম নুরুল আমিন বলেন, অন্যায় করলে তাদের অভিভাবকদের ডেকে এনে তাদের কাছে বিচার দিতে পারতেন। কিন্তু জুতাপেটা শাসন নয়, এটা অপরাধ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর